



শিক্ষামন্ত্রীর আশ্বাসে নন-এমপিও শিক্ষকদের অনশন স্থগিত

প্রকাশিত: ১৮ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনির আশ্বাসে আন্দোলনত বেসরকারী নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা তাদের আমরণ অনশন কর্মসূচী স্থগিত করেছেন। বৃহস্পতিবার রাতে শিক্ষামন্ত্রী নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন নেতাদের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। এরপর ঘোষিত আমরণ অনশন কর্মসূচী স্থগিত রাখার সিদ্ধান্ত হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এমএ খায়ের জানান, আলোচনার পরিপ্রেক্ষিতে আগামী ২০ অক্টোবর সন্ধ্যা ৬টায় ফেডারেশনের নেতাদের সরাসরি আলোচনায় বসার সিদ্ধান্ত হয়েছে। ২০ তারিখ পর্যন্ত ফেডারেশন ঘোষিত আমরণ অনশন কর্মসূচী স্থগিত রাখার সিদ্ধান্ত হয়। এর আগে সকালে প্রধানমন্ত্রীর সাক্ষাতের জন্য জাতীয় প্রেসক্লাবের সামনে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের গণঅবস্থান কর্মসূচীর তৃতীয় দিনে পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে পদযাত্রা শুরু করেন।

শিক্ষক-কর্মচারীর অংশগ্রহণে পদযাত্রাটি হাইকোর্টের সামনে গেলে পুলিশের বাধায় পড় হয়ে যায়। এরপর সভাপতি ও সাধারণ সম্পাদক ঘোষণা দেন, প্রধানমন্ত্রীর সাক্ষাতের কোন বার্তা না পেলে শুক্রবার গণঅবস্থান চলবে এবং জুমার নামাজ শেষে আমরণ অনশন কর্মসূচী শুরু হবে। যতদিন পর্যন্ত প্রধানমন্ত্রীর সাক্ষাত না পাব ততদিন আমাদের আমরণ অনশন চলবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com